

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

বিজ্ঞপ্তি


অত্র বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২০২৬ইং শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক কোর্সে ভর্তির জন্য ঘোষিত মেধা তালিকা হতে ৩য় ধাপে (ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ২৮০১-৪০০০ তম পর্যন্ত, সংরক্ষিত বান্দরবন (৬-৮) তম ও সংরক্ষিত অন্যান্য (১১-১৫) তম পর্যন্ত এবং স্থাপত্য বিভাগে ১২১-২০০ তম পর্যন্ত) নিম্নলিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তিচ্ছু প্রার্থীদের অনলাইনে বিভাগ পছন্দের পূরণকৃত ফরম এর প্রিন্ট কপি এবং চাহিদাকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্টসমূহ সহ অন্যান্য সনদপত্রাদি ও ছবিসহ ০১/০৪/২০২৬ইং তারিখ রোজ বুধবার সকাল ৯.০ ঘটিকার সময় কুয়েট ক্যাম্পাসের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে সনদপত্রাদি যাচাই এবং জমা নেওয়াসহ ভর্তি কার্যক্রম সম্পন্ন করনের লক্ষ্যে উপস্থিত হতে হবে। উপস্থিতি প্রয়োজনের তুলনায় বেশি হলে অপেক্ষমান তালিকা করা হবে। উক্ত কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য গঠিত সনদপত্র যাচাই উপ-কমিটিকে অনুরোধ করা হলো।

এতদ্ব্যতীত ভর্তি এবং স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন কাজে সহযোগিতার জন্য আলাদা তালিকা এতদসাথে প্রকাশ করা হলো।

সনদপত্র যাচাই উপ-কমিটিসমূহের সম্মানিত সদস্যগণ, স্বাস্থ্য পরীক্ষার জন্য গঠিত মেডিকেল বোর্ড এর সদস্যগণ এবং ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণে সহযোগিতায় দায়িত্বপ্রাপ্ত সদস্যগণকে নিম্নলিখিত সময়সূচী অনুযায়ী কুয়েট স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

মেধাক্রম:	ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ২৮০১-৪০০০ তম পর্যন্ত, সংরক্ষিত বান্দরবন (৬-৮) তম ও সংরক্ষিত অন্যান্য (১১-১৫) তম পর্যন্ত এবং স্থাপত্য বিভাগে ১২১-২০০ তম পর্যন্ত	
সার্বিক তত্ত্বাবধায়নে:		
১। প্রফেসর ড. মুহাম্মাদ হারুনুর রশীদ, সভাপতি ও ডীন, সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।		
২। ডীন, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।		
৩। ডীন, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।		
৪। ডীন, সায়েন্স এন্ড হিউম্যানিটিস অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।		
তারিখ ও বার: ০১/০৪/২০২৬ইং, বুধবার (০২/০৪/২০২৬ইং তারিখ ব্যাংক চলাকালীন সময় পর্যন্ত প্রয়োজনীয় ফি প্রদান করা যাবে)		
কমিটির নাম	সময়	স্থান
সনদপত্র যাচাই উপ-কমিটি (উপ-কমিটি ২২-২৭:)	সকাল ১০-০০ ঘটিকা	স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টার ২য় তলা
স্বাস্থ্য পরীক্ষার জন্য গঠিত মেডিকেল বোর্ড এর সদস্যগণ	সকাল ৯-৩০ ঘটিকা	
প্রবেশ পত্র ও ভর্তি প্রক্রিয়াকরণ উপ-কমিটি	সকাল ৯-০০ ঘটিকা	
ভর্তি ব্যবস্থাপনা ও সমন্বয় উপ-কমিটি		

ভর্তি প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে গঠিত কমিটিসমূহ (সনদপত্র যাচাই উপ-কমিটি, ভর্তি ব্যবস্থাপনা ও সমন্বয় উপ-কমিটি, ভর্তিকৃত ছাত্রদের তালিকা প্রস্তুতকরণ সহযোগী কমিটি) ভর্তি পরীক্ষা কমিটি এর সকল সম্মানিত সদস্যকে উক্ত তারিখে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে নির্দিষ্ট সময়ে উপস্থিত হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



(প্রফেসর ড. মুহাম্মাদ হারুনুর রশীদ)
সভাপতি

১ম বর্ষ ভর্তি কমিটি (শিক্ষাবর্ষঃ ২০২৫-২০২৬)
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/১৩৩/৪৬২০/০০ তারিখঃ ০৬/০৬/২০২৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সকল সম্মানিত সদস্য, (শিক্ষাবর্ষঃ ২০২৫-২০২৬), অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয় (ভর্তি প্রক্রিয়ার কাজে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।
- ৩। সভাপতি/ যানবাহন উপ-কমিটি/ নিরাপত্তা উপ-কমিটি/ ভর্তি ব্যবস্থাপনা ও সমন্বয় উপ-কমিটি/ আপ্যায়ন উপ-কমিটি/ প্রবেশপত্র এবং ভর্তি প্রক্রিয়াকরণ উপ-কমিটি, ১ম বর্ষ ভর্তি পরীক্ষা (শিক্ষাবর্ষঃ ২০২৫-২০২৬) অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সংশ্লিষ্ট সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী, অত্র বিশ্ববিদ্যালয়। (এতদসাথে সংযুক্ত তালিকা অনুযায়ী)।
- ৫। প্রধান চিকিৎসা কর্মকর্তা, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সহকারী মহা-ব্যবস্থাপক, জনতা ব্যাংক, কুয়েট কর্পোরেট শাখা (আগামী ০১/০৪/২০২৬ইং-০২/০৪/২০২৬ইং তারিখে ভর্তি ফিস জমা নেয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৭। অফিস নথি।


রেজিস্ট্রার
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়